

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণযোগাযোগ অধিদপ্তর

তথ্য ভবন

১১২ সার্কিট হাউজ রোড, ঢাকা।

www.masscommunication.gov.bd

স্মারক নম্বর: ১৫.৫৬.০০০০.০০২.৯৯.৯৭.১৫ (পার্ট-১) / ৩৭৫

তারিখ: ৮.০২.২০২১ খ্রি.

বিষয়: তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সংবলিত জানুয়ারি-২০২১ (২য় পক্ষ) মাসের ‘জনমত’ প্রতিবেদন।

গণযোগাযোগ অধিদপ্তর ৬৪ জেলা তথ্য অফিস এবং পার্বত্য এলাকায় উপজেলা পর্যায়ে ৪ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে পাক্ষিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ (ব্র্যান্ডিং শেখ হাসিনা) বিষয়ক চলচিত্র প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশ, মুক্তিযুদ্ধের চেতনায় দেশান্তরোধক সংগীতানুষ্ঠান এবং বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গ দমন, মাদকবরোধী অভিযান, তথ্য অধিকার আইন এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকাণ্ডের উপর উদ্বৃক্তকরণ বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকাণ্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে জানুয়ারি-২০২১ (২য় পক্ষ) মাসের ‘জনমত’ প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

সংযোজনী: জনমত প্রতিবেদন এক প্রস্তুতি।

প্রস্তুতি

৮.২.২০২১

(বিধান চন্দ্র কর্মকার)

মহাপরিচালক

ফোনঃ ৮৩০০৬৪০

dgmasscommunication@yahoo.com

সচিব

তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

- ০১। উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
০২।  সহকারী রাক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা (প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

## জানুয়ারি-২০২১ (২য় পক্ষ)

### জনমত শিরোনাম

- সরকারি পর্যায়ে সেচ সুবিধাসহ প্রয়োজনীয় কৃষি উপকরণ সরবরাহ করায় রবি শস্য ও বোরো ধানের ভালো ফলনের আশাবাদ কৃষকের।
- দেশের উত্তরাঞ্চলে তীব্র শীত ও ঘন কুয়াশায় জনজীবন বিপর্যস্ত।
- চাল ও ভোজ্যতেলের দাম কিছুটা বৃদ্ধি পেয়েছে। শীতকালীন সবজির সরবরাহ বেশি থাকায় দাম কমেছে।
- সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদক বিরোধী অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

- সরকারি পর্যায়ে সেচ সুবিধাসহ প্রয়োজনীয় কৃষি উপকরণ সরবরাহ করায় রবি শস্য ও বোরো ধানের ভালো ফলনের আশাবাদ কৃষকের।

সারাদেশে রবি শস্যের ভরা মৌসুমে শীতজনিত কারণে বিশেষ করে দেশের উত্তরাঞ্চলে বোরো ধানের বীজতলায় সমস্যা দেখা দিলেও কৃষকরা এ সমস্যা কাটিয়ে উঠেছেন বলে জনগণের মতামতে জানা গেছে। একইসাথে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক কৃষকের কাছাকাছি সেচ, সার, কীটনাশক ও জালানিসহ প্রয়োজনীয় কৃষি উপকরণ যথাসময়ে পৌছে দেয়ায় ও আবহাওয়া অনুকূল থাকায় চলতি মৌসুমে রবি শস্য ও বোরো ধানের কাংক্ষিত উৎপাদন অর্জিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন কৃষক সমাজ।

- দেশের উত্তরাঞ্চলে তীব্র শীত ও ঘন কুয়াশায় জনজীবন বিপর্যস্ত।

দেশের উত্তরাঞ্চলে তীব্র শীত ও ঘন কুয়াশায় জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে বলে জনসাধারণের মতামত প্রতিক্রিয়ায় জানা গেছে। ছিমুল ও নিম্নভ্যায়ের মানুষকে সহায়তা করতে বিভিন্ন সেবামূলক সংস্থাকে এগিয়ে আসার ওপর গুরুত্বারোপ করেছেন সচেতনমহল।

এ ছাড়া দেশের উত্তরাঞ্চলে শীতজনিত বিভিন্ন রোগ ছড়িয়ে পড়েছে। বৃদ্ধ ও শিশুদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে স্থানীয় পর্যায়ে সার্বিক প্রস্তুতি গ্রহণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের প্রত্যাশা ব্যক্ত করছে সাধারণ জনগণ।



- চাল ও ভোজ্যতেলের দাম কিছুটা বৃদ্ধি পেয়েছে। শীতকালীন সবজির সরবরাহ বেশি থাকায় দাম কমেছে।

চাল ও ভোজ্যতেলের দাম কিছুটা বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে শীতকালীন সবজির সরবরাহ বেশি থাকার কারণে দাম কমেছে। নিত্য প্রয়োজনীয় সকল পণ্যের দাম যাতে কমে, সে ব্যাপারে সরকার কার্যকর ব্যবস্থা নেবে বলে জনগণ প্রত্যাশা ব্যক্ত করেছে।

- সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকবিরোধী অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

সারাদেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক আছে বলে জনমত প্রতিক্রিয়ায় জানা গেছে। মাদকদ্রব্যের অপব্যবহার রোধে পুলিশ প্রশাসন ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ইতোমধ্যে বেশকিছু মাদক ব্যবসায়ী ও সেবনকারীদের গ্রেফতার করেছে। মাদকের ভয়াবহতা প্রতিরোধে আইন-শৃঙ্খলা বাহিনীকে অভিযান অব্যাহত রাখতে সকল শ্রেণি পেশার জনগণ আহ্বান জানান। এছাড়া তথ্য অফিসসমূহ মাদক প্রতিরোধে বিভিন্ন সচেতনতামূলক প্রচার কার্যক্রম বাস্তবায়ন করছে।

মনিরুজ্জামান/শুকলা/মেহেদী/জসিম



শুভেন্দু বনিক  
উপপরিচালক (প্রচার)  
গণযোগাযোগ অধিদপ্তর  
তথ্য অক্তুগালীয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার